



## ২৫৯ আসনে হাতপাখা প্রতীকে লড়ছে ইসলামী আন্দোলন বাংলাদেশ



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৫৯টি আসনে এককভাবে প্রার্থী চূড়ান্ত করেছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। নির্বাচন কমিশনের যাচাই-বাছাই শেষে এবং পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কয়েকটি আসনে প্রার্থী প্রত্যাহারের পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব মাওলানা লোকমান হোসাইন জাফরী মঙ্গলবার এক বিবৃতিতে জানান, সবশেষে ২৫৯টি আসনে হাতপাখা প্রতীকে নির্বাচন করবে দলটি। তিনি বলেন, শান্তিপূর্ণ ও নৈতিক পরিবেশে জনগণের কাছে ইসলামী শাসনব্যবস্থার বার্তা পৌঁছানোই তাদের লক্ষ্য।

এর আগে দলটি ২৬৮টি আসনে নির্বাচনে থাকার ঘোষণা দিয়েছিল। শুরুতে ২৭০টি আসনে মনোনয়নপত্র জমা দেওয়া হলেও দু'টি বাতিল হয়। তখন সব প্রার্থীকে মাঠে থাকার নির্দেশ দেওয়া হয়েছিল।

তবে নির্বাচন কমিশনের বাছাই ও রাজনৈতিক বাস্তবতায় পরে কয়েকটি আসনে প্রার্থী প্রত্যাহার করা হয়। এর ফলেই চূড়ান্তভাবে ২৫৯টি আসনে প্রার্থীতা নিশ্চিত হয়।

এদিকে ‘১১ দলের ঐক্য’ থেকে সরে দাঁড়ানোর প্রসঙ্গে দলের মুখপাত্র জানান, ন্যায্যতা নিয়ে শঙ্কা ও আদর্শগত বিচ্যুতির আশঙ্কা থেকেই জোট ছাড়ার সিদ্ধান্ত আসে। তিনি অভিযোগ করেন, গুরুত্বপূর্ণ রাজনৈতিক সমঝোতা নিয়ে পূর্ব আলোচনা না হওয়ায় নির্বাচন নিয়ে সন্দেহ তৈরি হয়।

আসন্ন নির্বাচনকে ঘিরে ইসলামপন্থি দলগুলোর কৌশল ও অবস্থান নিয়ে রাজনৈতিক অঙ্গনে আলোচনা এখন আরও জোরালো হচ্ছে।